দৈনিক খবর

তারিখ 23 OCT 1993
পৃষ্ঠা ১ কলাম ৫

44

# শরিয়তপুরের ৪০ হাজার শিশু শিক্ষা বঞ্চিত

শরিয়তপুর, ২২শে অক্টোবর।— সংবাদদাতা আবদুল জব্বার জানান, জেলার ৪০ হাজার ছেলেমেয়ে প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। প্রাপ্ত তথ্যে জানা যায়, শরিয়তপুর জেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী ৬ থেকে ১০ বছর বয়সের ছেলেমেয়ের সংখ্যা ১ লাখ ৬৭ হাজার ১৫৩ জন। এরমধ্যে জেলার ৩৯৬টি সরকারী ও ১৪৪টি বেসরকারী প্রাইমারী স্কুলে ১ লাখ ২৬ হাজার ৯১৩ জন ছেলেমেয়ে পড়াশোনা করছে। প্রথম শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৯ হাজার ১০, তৃতীয় শ্রেণীতে ২৩ হাজার ৫শ' ৭৬, চতুর্থ শ্রেণীতে ১৯ হাজার ৪শ' ৩৯ এবং পঞ্চম শ্রেণীতে ১৫ হাজার ৩শ'। প্রাইমারী স্কুলসমূহের সকল ছাত্র-ছাত্রীর মধ্যে বিনামূল্যে পাঠ্য বই বিতরণ করা হয়; তবুও স্কুল গমনোপযোগী সকল ছাত্র-ছাত্রীকে বিদ্যালয়ে আনা সম্ভব হচ্ছে না। কয়েকজন প্রাইমারী শিক্ষক জানান, গ্রামের স্কুলগুলোতে জমি চাষ ও ধানকাটা মৌসুমে ছাত্র উপস্থিতির সংখ্যা কমে যায়। এদিকে সদর থানার দক্ষিণ কেবল নগর সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনের ছাদ থেকে ইট, সুরকি খসে পড়ছে। বিদ্যালয় ভবনের ছাদ ধসে পড়ার আশংকায় স্কুলের শিক্ষকগণ এক বছরের বেশী সময় যাবত স্কুল সংলগ্ন জনৈক প্রাক্তন ইউপি সদস্যের বৈঠকখানায় ছাত্র-ছাত্রীদের ক্লাস নিচ্ছেন